# পবিপ্রবিতে শিক্ষার্থীদের আন্দোলন

**সংবাদদাতা, দুমকী, পটুয়াখালী ॥** পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) টানা চতুর্থ দিনের মতো এ্যানিমেল হাজবেন্ড্রি ডিসিপ্লিনের শিক্ষার্থীরা আন্দোলন ও অবস্থান কর্মসূচি পালন করেছে।

রবিবার সকাল সাড়ে ১০টায় শুরু হয় আন্দোলন ও অবস্থান কর্মসূচি। আন্দোলন ও অবস্থান কর্মসূচিতে লেভেল-১ থেকে শুরু করে লেভেল-৪ এর সকল শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

এই আন্দোলন ও অবস্থান কর্মসূচিতে 'কম্বাইন্ড কম্বাইন্ড' স্লোগানে মুখরিত হয় বরিশালের বাবুগঞ্জ ক্যাম্পাস। কম্বাইন্ড ডিগ্রির আন্দোলন কতটা যুক্তিযুক্ত তা নিয়ে লেভেল-৩ এর শিক্ষার্থী আবু বরকতুল্লাহ বলেন, 'প্রাণিসম্পদের বৃহৎ স্বার্থে এএইচ এবং ডিভিএম-এর কম্বাইন্ড ডিগ্রির বিকল্প নেই। এ জন্যই মূলত আমাদের এই অবস্থান কর্মসূচি এবং আমাদের দাবি আদায় না হওয়া পর্যন্ত এই আন্দোলন ও অবস্থান কর্মসূচি বহাল থাকবে।'